গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিরামপুর,মানিকগঞ্জ।

হরিরামপুর উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : দেওয়ান সাইদুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ : ৩০ অক্টোবর ২০২৩ সভার সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা ও স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই ২৭ সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং আর কোন সংশোধনী আছে কি-না জানতে চাওয়া হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় আলোচ্য বিষয়াদি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

| দপ্তর ওয়ারী আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন**<br>সভায় বিগত ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কার্য বিবরণীতে কোন সংশাধনী প্রস্তাব না থাকায় বিগত ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রতিনিধি সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে নিম্নরুপ কার্যক্রম সম্পন্ন হয়েছে:<br>১। রোগীর সংখ্যা : বহিবির্ভাগ-১১,৩৮৮ জন, অন্ত:বিভাগ-৪৪৭ জন, জরুরি বিভাগ-৫৩১ জন<br>২। ইওসি/প্রসূতি সেবা: নরমাল ডেলিভারি ৩৩, সিজার-০৬ জন।<br>৩। কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা: ২৮,৩১৫ জন।<br>৪। ইপিআই : বিসিজি টিকা-২৮২ টি | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃকর্মকর্তা |
| **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে নিম্নরুপ কার্যক্রম সম্পন্ন হয়েছে:<br>অস্থায়ী সেবা- ২৩৭<br>স্থায়ী ৫২<br>দীর্ঘমেয়াদী পরিবারবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়েছে। দুটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রামকৃষ্ণপুর ও গোপীনাথপুর এ নরমাল প্রসব সেবা প্রদান করা হচ্ছে। গোপীনাথপুর কমিউনিটি ক্লিনিকে সোলার অথবা আইপিএস এর ব্যবস্থা করা প্রয়োজন। | প্রতিটি ইউনিয়ন পরিষদে প্রসব পূর্ববতী ও পরবর্তী সেবা নিশ্চিত করণে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| **উপজেলা কৃষি বিভাগঃ**<br>**উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে সরকারের উন্নয়ন সহায়তার কার্যক্রম হিসাবে কৃষি পুনর্বাসন/প্রণোদনা কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১১৫০ জন ক্ষুদ্র প্রান্তি কৃষকদের মাঝে বিনামূল্যে সরিষা, খেসারী ও মুগ বীজ ও রাসায়নিক সার(ডিএপি ও এমপি সার) বিতরণ করা হয়। পরবর্তীতে আরও ৮৩০ জন কৃষকের মাঝে রবি ফসল (গম, ভূট্টা, সূর্যমুখী, চিনা বাদাম, পেঁয়াজ ) ফসলের বীজ ও রাসায়নিক সার (ডিএপি ও এমওপি সার) বিতরণ করা হবে। ফসলের আবাদ বৃদ্ধির জন্য ও ফসলের উৎপাদন বৃদ্ধিও লক্ষ্যে গত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় কিছু এমওপি সার অতিরিক্ত বরাদ্দের আবেদন করার জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং সমিটির মাধ্যমে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভিন্ন প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রমসহ কৃষকদের পরামর্শ ও রবি মৌসুমে ফসলের উৎপাদন বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কার্যক্রম অব্যাহত রয়েছে।** | প্রতিটি ইউনিয়নে রোপা আউশ, রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে প্রয়োজনীয় পরামর্শ ও উপদেশ প্রদানে উঠান বৈঠক অব্যহত রাখার জন্য বলা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>সেপ্টেম্বর ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১। গবাদি পশুর টিকা প্রদান ৫,০০০ মাত্রা<br>২। হাস মুরগির টিকা প্রদান ৭০,০০০ মাত্রা<br>৩। গবাদি পশুর চিকিৎসা প্রদান ১,৪৭,৬৫৫টি<br>৪। হাসমুরগির চিকিৎসা প্রদান ২৬,০০০টি<br>৫। মৌসুমী ঘাষ চাষ সাধারণ কৃষকের জমিতে ৭০.০০ একর<br>৬। স্থায়ী ঘাষ চাষ প্রশিক্ষণ" প্রাপ্ত কৃষকের জমিতে ০.০২ একর<br>৭। কৃমির প্রজননের সংখ্যা ১১২৬টি গাভীকে<br>৮। শংকর জাতের বাচ্চার জন্মের সংখ্যা ৫৪৮টি<br>৯। রাজস্ব আয় (কৃমি প্রজনন ও টিকা বীজ বিক্রয়লব্ধ ২৬,০৪০ টাকা)<br>বিঃদ্রঃ পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় বিনা মূল্যে খামারীদের গবাদিপশুকে রোগ প্রতিষেধক টিকা প্রদান (ছাগল ১১৭৫০০ মাত্রা) ও ক্রিমিনাশক বিতরণ কার্যক্রম পর্যায়ক্রমে চলছে। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| জেলা মৎস্য বিভাগ:<br>পজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>১। 'মা' ইলিশ রক্ষা কার্যক্রম (১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ পর্যন্ত ২২ দিন ব্যাপী অত্র উপজেলায় মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এই কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে:<br>ক: ৮৬.৭৫ মে.টন বিশেষ ভিজিএফ ১২/১০/২০২৩ তারিখের মধ্যে সুফলভোগীদের মাঝে সুষ্ঠভাবে বিতরণ করা হয়েছে।<br>খ. উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৫টি জনসচেতনতা সভা, লিফলেট বিতরণ, ব্যানার-পোস্টার টানানো উপজেলা ব্যাপী ০২দিন মাইকিং করা হয়েছে।<br>গ. ২৬/১০/২৩ তারিখ পর্যন্ত ২৮টি অভিযান/মোবাইলকোট পরিচালনা ১০টি মামলা ০৭ জন জেলের ১৫দিন করে জেল, ৩ জনের নিকট হতে ২৫,০০০ টাকা জরিমানা আদায়, ১২৭ কেজি মা ইলিশ জব্দ, জব্দকৃত মা ইলিশ মাছ বিভিন্ন এতিমখানায় বিতরণ, আনুমানিক ২.৫৪৫ লক্ষ মিটার কারেন্টজাল জব্দ, জব্দকৃত জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে।<br>০২। প্রতি বছরের ন্যায় আগামী ০১ নভেম্বর ২০২৩ খি: হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত জাটকা ইলিশ মাছ আহরণ, পরিবহন, ক্রয়-বিত্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ। জাটকা ইলিশ মাছ সংরক্ষনে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা অব্যাহত থাকবে।<br>০৩। মৎস্য চাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।<br>০৪। সকল প্রকার অবৈধ জাল অপসারনে বিশেষ অভিযান/মোবাইল কোর্ট অব্যাহত।<br>০৫ দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান ও স্বাভাবিক রয়েছে। | 'মা' ইলিশ রক্ষা কার্যক্রম (১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ পর্যন্ত ২২ দিন ব্যাপী ইলিশ মাছ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ করা হয় এবং ইলিশ মাছ সংরক্ষনে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা অব্যাহত থাকবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার উপজেলা চেয়ারম্যান |
| উপজেলা শিক্ষা বিভাগ:<br>সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>১। নতুন শিক্ষাবর্ষে চাহিদার ৭০% বই পাওয়া গিয়েছে। বইগুলি গোডাউনে রাখা আছে। গোডাউনে উঁই পোকার উপদ্রব বেড়ে গেছে। বইগুলি স্কুলের প্রধান শিক্ষকদের হাতে হস্তান্তর করা যায় কি-না? এ বিষয়ে সভার মতামত চাওয়া হয়। হারুকান্দি ও সুতালড়ী রামচন্দ্রপুর সপ্রাবি ভোট কেন্দ্র হিসাবে ব্যবহার করা হবে কিন্তু নদী ভাঙ্গনের ফলে বিদ্যুৎ যায়নি। ফরিদপুর পল্লী বিদ্যুতের সাথে যোগাযোগ করা হলে সোলার প্যানেল স্থাপনের পরামর্শ দিয়েছে।<br>২। ডাকরখালি ও মালুচি সপ্রাবি এর কাজ চলমান।<br>৩। চরমুকুন্দিয়া সপ্রাবি স্থানান্তরের জন্য স্থান নির্ধারণ করা প্রয়োজন<br>৪। ওয়াশব্লক নির্মাণের জন্য স্থাপনা ও গাছ অপসারণ/নিলাম সংক্রান্ত<br>৩। ডেঙ্গু প্রতিরোধে স্কুলের আঙ্গিনাসহ আশপাশ পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে। সকল শিক্ষার্থীদের বাড়ীসহ বাড়ীর আশেপাশে পরিষ্কার পরিচ্ছন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। পানি জমে থাকে এমন টব, ডাবের খুশা, মাটির দৈ এর খুটি ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন করার তাগিদ দেয়া হয়েছে। | চর মুকুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থানান্তরের জন্য জায়গা নির্বাচনের জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ<br>সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>১। শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনাসহ চারিপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ ছাত্র-ছাত্রীদের নৈতিক শিক্ষা বিস্তারের জন্য শিক্ষা প্রতিষ্ঠান জরুরি পরিদর্শন করা হচ্ছে।<br>২। মান সম্মত শিক্ষার ব্যানারে পরিচালিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী মোটিভেনাল সভার আয়োজন করা হচ্ছে।<br>৩। ২০২৪ শিক্ষা বর্ষেও ৬ষ্ঠ শ্রেণির ১৮,১৮০ পাঠ্যপুস্তক পাওয়া গিছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | | |

| | | |
|---|---|---|
| **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের টি, আর এবং কাবিটা ও কাবিখা চালা-গম এর প্রকল্প তালিকাসমূহ অনুমোদন সাপেক্ষে জেলায় প্রেরণ করা হবে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের ইজিপিপি প্রকল্প তালিকা পাওয়া যায় গেছে।<br>**প্রাকৃতিক দুর্যোগঃ** বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগ কবলিত দেশ। প্রাকৃতিক দুর্যোগ প্রায় প্রতিনিয়ত চলেই আসছে। ঘূর্ণিঝড়, ভূমিকম্প, বন্যা, খড়া, নদী ভাঙ্গন, ডেঙ্গুজ্বর, করোনা ভাইরাস, ওমিক্রন ও শীত। এ বছর ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। ডেঙ্গু প্রতিরোধে বাড়ীর আঙিনাসহ পানি জমে থাকে এমন স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে সরকারিভাবে কোন সহায়তা পাওয়া গেলে জানানো হবে মর্মে জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | ২০২৩-২৪ অর্থ বছরে টি, আর কাবিখা ও কাবিটার ১ম বরাদ্দের অনুকূলে প্রকল্প প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান(সকল)<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>উপজেলা নির্বাহী অফিসার |
| **উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট ২০২৩ মাসের কার্যক্রমঃ মা ও শিশু সহায়তা ভাতার তালিকা যথা সময়ে পাওয়া না গেলে অনলাইনে এন্ট্রি হয় না। যথাসময়ে তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক না থাকায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অসম্ভব হয়ে পড়েছে। হরিরামপুর কার্যালয়ে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ১ জন পোষ্টিং নিয়ে সংযুক্তিতে মন্ত্রণালয়ে ঢাকায় কর্মরত আছে। তার সংযুক্তি বাতিল করে ১ জন পোষ্টিং দেয়া অতি জরুরি। জরুরি ভিত্তিতে ১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও একজন অফিস সহায়ক পোষ্টিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রমঃ<br>১। মোট ৬০ জন যুব ও যুব নারীকে বিভিন্ন ট্রেডে ২টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়<br>২। মোট ৫ জন যুব ও যুব নারীকে আত্মকর্মী তৈরি করা হয়।<br>৩। নভেম্বর ০১ তারিখে যুব দিবস উপলক্ষ্যে যুব ঋণ প্রদানের জন্য ঋণীদের ফাইল প্রস্তুত। | সচেতনতামূলক প্রশিক্ষণ এর মাধ্যমে যুব ও যুব নারীদের সামাজিক সন্ত্রাসবাদ, মাদক, বাল্য বিবাহ ইভটিজিং যৌতুক জলাবদ্ধতা দূরীকরণ ও ডেঙ্গু সম্পর্কে ধারণ অবহিত সভা অব্যাহত রাখার বিষয়ে বলেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগঃ<br>তিনি আরও জানান যে,<br>২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির প্রকল্প প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে অবহিত করা হয়েছে। তন্মধ্যে ১৩টি ইউনিয়নের মধ্যে ৭টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্পের চাহিদা পত্র পাওয়া গেছে। বাকি ৫টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্পের চাহিদা পাওয়া যায়নি। প্রকল্পের চাহিদা পত্র দ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসের বাস ভবনে সম্প্রসারিত রুমে ইলেকট্রিক লাইন,লাইট, ফ্যান, থাই গ্লাস, দরজা লাগানো প্রয়োজন।<br>উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন।<br>উপজেলা পরিষদ ভবনের পানির লাইনের স্টিলের পাইপে ঝং ধরায় পানির লাইন আটকে গেছে। পাইপগুলি পরিবর্তন ও পুকুরে পানি সরবরাহের জন্য মটর ক্রয় করা প্রয়োজন।<br>দিয়াবাড়ী সপ্রাবি স্কুল এর নতুন ভবনের জন্য জায়গা নিয়ে জটিলতা রয়েছে। নতুন ভবন নির্মাণের অন্যতম প্রধান অন্তরায়। যার সয়েল টেস্টও হয়ে আছে। রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান যে রাস্তা করছেন তার ঠিক ধার ঘেষে একজন সাবেক পুলিশ দোকান নির্মাণ করেছে। দোকানটি অপসারণ করা প্রয়োজন। লাউতা-সম্ভি রাস্তায় একটা বিদ্যুৎ এর পোল আছে যা পূর্বের ইটের রাস্তার মধ্যে একটু পাশে ছিল এখন রাস্তা চওড়া করায় ঠিক মাঝখানে পড়ে গেছে। ওটাও সরাতে হবে। সড়ানো না হলে রোলার করা যাবে না। | উপজেলা নির্বাহী অফিসের বাস ভবনে সম্প্রসারিত রুমে ইলেকট্রিক লাইন,লাইট, ফ্যান, থাই গ্লাস, দরজা লাগানো ও উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র ক্রয় এবং উপজেলা পরিষদ ভবনের পানির লাইনের স্টিলের পাইপ পরিবর্তন ও পুকুর পাড়ের জন্য মটর ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা চেয়ারম্যান |
| উপজেলা খাদ্য বিভাগ:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অক্টোবর ২৩ মাসে ৬৩টি শারদীয় দুর্গা পূজামন্ডপে ৩১.৫০০ মে:টন জিআর চাল, অতিবৃষ্টি ও ভারী বর্ষণ/টর্নেডোর কারণে ২৩টি পরিবারের মাঝে ০.৬৯০ মে.টন জিআর চাল এবং ওএমএস ডিলার কর্তৃক টিসিবির ভোক্তাদেও মাঝে ৩৪.৫৯৫ মে.টন বরাদ্দ প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা সমবায় বিভাগ:<br>সমবায় কার্যালয়ে ৬৬টি অডিটযোগ্য সমবায় সমিতি রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে অডিটকৃত সমবায় সমিতি ৪০,৭৭০ টাকা অডিট ফি রাজস্ব ও ভ্যাট ৬,১১৬ টাকা ধার্য্য করা হয়েছে। এর মধ্যে ২৪৬৩০ টাকা অডিট ফি ও ভ্যাট ৩৬৯৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।বর্তমান মাসে ২৫ জন সমবায়ীদের নিয়ে দক্ষতা বৃদ্ধিও লক্ষে ভ্রাম্যমান প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।<br>অত্র উপজেলা ৩টি আশ্রয়ন প্রকল্প একটি আশ্রয়ন( ফেইজ-২) প্রকল্প রয়েছে। ৩টি আশ্রয়ন প্রকল্পের বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণ প্রদানের পরিমাণ ৩৬,২০,০০০ টাকা, ক্রমপুঞ্জিভূত ঋণের আসল আদায় ১৬,৪৪,৭৯১ টাকা সার্ভিস চার্জ আদায় ১,৮৭,৪২৮ টাকা। একটি আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের বর্তমান ক্রমপুঞ্জিভূত ঋণ প্রদানে পরিমাণ ৭,৪৪,০০০ টাকা, ঋণের আসল আদায় ২,৭৭,২৭৬ টাকা সার্ভিস চার্জ আদায় ৯,১০৩ টাকা | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করনের জন্য বলা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| বলড়া ইউপি:<br>চেয়ারম্যান বলড়া ইউপি সভায় জানান যে, গত অর্থ বছরে হাট বাজার ফান্ড হতে ঝিটকা বাজার, লেছড়াগঞ্জ বাজার ও নয়ারহাট বাজারে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ক্যামেরাগুলি নষ্ট ও অকেজো হয়ে রয়েছে। ক্যামেরাগুলি মেরামত করা প্রয়োজন মর্মে জানান। রিতা আবাসন প্রকল্প জড়াজীর্ণ ও অকেজো হয়ে পড়েছে। বসবাসের উপযোগী করার জন্য জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন মর্মে জানান। | ঝিটকা বাজার ও নয়ারহাট বাজারে নষ্ট সিসিটিভি ক্যামেরাগুলি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| বয়ড়া ইউপি:<br>জনাব মোঃ ফরিদুর রহমান, চেয়ারম্যান, বয়ড়া ইউপি সভায় জানান যে,যাত্রাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি অংশ নদীতে ভেঙ্গে যাচ্ছে। স্কুলের প্রতিরোধ করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। গোপীনাথপুর নতুন বাজার হতে মানিকনগর রাস্তায় ৮০ মিটার ব্রীজ দরকার। দুই ইউনিয়নের সংযোগস্থল হওয়ায় প্রতিদিন হাজার হাজার ছাত্রছাত্রী যাতায়াত করে থাকে। উক্ত স্থানে ব্রীজ হওয়া জরুরি প্রয়োজন মর্মে জানান। | যাত্রাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম সমাজসেবা বিভাগের সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে চলমান (১) বয়স্ক ভাতা গ্রহীতার সংখ্যা ৭৯৩২ জন, বিধাব ভাতার সংখ্যা ৩৭০৮ জন। প্রতিবন্ধি ভাতার সংখ্যা ৩৩৫৫ জন। মৃত ব্যক্তি/ লাইভভেরিফিকেশন এ না আসা ভাতাভোগী বাদ রেখে জুলাই ২০২৩ - সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ১ম কিস্তির অর্থ ছাড়করণ করা হয়েছে। অক্টোবর ২০২২ মাসেই ১ম কিস্তিও অর্থ ভাতাভোগীদের মোবাইল ব্যাংকিং এ জমা হচ্ছে।<br>সুবর্ণ কার্ডধারীদের মধ্যে এখনো প্রতিবন্ধি ভাতার আওতাভুক্ত হননি তাদেরকে ২০২২-২৩ অর্থ বছরে ১০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত অনলাইনে আবেদনের নির্দেশনা ছিল। নির্ধারিত তারিখের মধ্যে হরিরামপুর উপজেলায় মোট ৫৩২ জন প্রতিবন্ধি ভাতার জন্য আবেদন করেছেন।<br>নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে হরিরামপুর উপজেলায় মোট ২৬৮৯ জন বয়স্ত ভাতার জন্য আবেদন করেছেন।<br>নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে হরিরামপুর উপজেলা মোট ১৮২১ বয়স্ক ভাতার জন্য আবেদন করেছেন।<br>সুদমুক্ত ঋণ খাতে মোট আদায়ের পরিমাণ ১,৩৩,১০০ টাকা। এছাড়া জলাদ্ধ পায়খানা ব্যবহার, শিক্ষা, পরিকল্পিত পরিবার গঠন, বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক বিরোধী আন্দোলন ইত্যাদি বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতার লক্ষ্যে গত মাসে ৮টি উঠান বৈঠক করা হয়েছেঠ। | শিক্ষা, স্বাস্থ্য সচেতনতা পরিকল্পিত পরিবার গঠন এবং বাল্য বিবাহ প্রতিরোধ স্যানিটারি পায়খানা ব্যবহার ইত্যাদি বিষয়ে উঠান বৈঠক চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপ-সহকারী প্রকৌশলী বিভাগ (জনস্বাস্থ্য):<br>সেপ্টেম্বর ২০২৩ কার্যক্রম<br>১। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক এর কাজ চলমান।<br>২। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের মাধ্যমে নলকূপ স্থাপনের কাজ চলমান<br>৩। মানব সম্পদ উন্নয়নে প্রকল্পের আওতায় পাইপ লাইনের মাধ্যমে ৪০ বাড়ীতে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান<br>৪। আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় কাজ সমাপ্তির দিকে | | |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>ঋণ বিতরণ মাসে লক্ষ্যমাত্রা ৩৩.৬০ মাসে অগ্রগতি ১৫.০০<br>ঋণ আদায় মাসে ২২.৯৮ মাসে ২২.৮৭<br>বছরে লক্ষমাত্রা ৪০৩.৩৫ বছরে অগ্রগতি ৫০.২৫<br>ঋণ আদায় বছরে লক্ষমাত্রা ২৭৯.৮৪ বছরে অগ্রগতি ৬৮.৭২<br>প্রশিক্ষণ মাসে ২০০ জন লক্ষ্যমাত্রা অগ্রগতি ৪০ জন<br>বছরে লক্ষমাত্রা ১৫০০ জন অগ্রগতি ৪০ জন<br>অত্র অফিসের সামনের রাস্তাটি চলাচলের অযোগ্য হওয়ায় প্রায়ই সাইকেল/ মোটর সাইকেল নিয়ে যাতায়াতের সময় দূর্ঘটনার কবলে পড়তে হয়। রাস্তাটি জরুরি মেরামত করা প্রয়োজন। অফিস চত্বরে সুপেয় পানির ব্যবস্থা না থাকায় জরুরি ভিত্তিতে বিশুদ্ধ খাওয়ার পানির ব্যবস্থা করা প্রয়োজন। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| **ইউপি:**<br>চেয়ারম্যান, বাল্লা ইউনিয়ন পরিষদ জানান যে, বাল্লা ইউনিয়ন কৃষি নির্ভর। পটাশ সারের চাহিদার তুলনায় সরবরাহ কম। ডিলারের কাছে সারের জন্য গেলে বলে সার নাই। শরিষা, পেয়াজের বীজ সিজনের পরে আসে। সময়মত বীজ সরবরাহ করা প্রয়োজন মর্মে জানান। মাধ্যমিক বিদ্যালয়ে বোর্ড নির্ধারণ করা প্রয়োজন। এখানে অতিরিক্ত অর্থ লেনদেন হয়। | পটাশ সার ও বীজ সময়মত সরবরাহ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| **চালা ইউপি:**<br>**চেয়ারম্যান, চালা** ইউনিয়ন পরিষদ জানান যে, চালা বাজারে পাবলিক টয়লেট না থাকায় জনগণের ভীষণ সমস্যা হচ্ছে এবং সে সাথে কাঁচা বাজার হলে জনগণের অনেক সুবিধা হবে মর্মে জানান। চালা বাজারে পাবলিক টয়লেট ও কাঁচা বাজারের ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| **ধুলশুড়া ইউপি:**<br>**চেয়ারম্যান, ধুলশুড়া** ইউনিয়ন পরিষদ জানান যে, ধুলশুড়া ইউনিয়নে আবিধারা মোড়ে কালভার্ট প্রয়োজন। ধুলশুড়া বাজারে পাবলিক টয়লেট প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| **রামকৃষ্ণপুর ইউপি:**<br>**চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ জানান যে,** রামকৃষ্ণপুর ইউনিয়নে মানিকনগর একটি বড় বাজার। সেখানে প্রতিদিন শত শত মানুষ নিত্য প্রয়োজনীয় কাজে আসে। কাঁচা বাজারে একটি পাকড় গাছ রয়েছে। যে কোন সময়ে ঝড়ে পড়ে মানুষের ক্ষয় ক্ষতি হতে পারে। গাছ কাটা প্রয়োজন ও উক্ত বাজারে একটি মৎস্য শেড বিশেষ প্রয়োজন মর্মে জানান। | মানিকনগর বাজারে পাকড় গাছ কর্তনে উপজেলা ফরেস্টার দ্বারা প্রাক্কলণ প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **উপজেলা নির্বাহী অফিসার**<br>উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ শাহরিয়ার রহমান সভায় উপস্থিত সকল সদস্যগনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সারাদেশে ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে প্রতিদিন মানুষ মারা যাচ্ছে। হরিরামপুরেও মশার উপদ্রোপ বেড়ে গেছে। প্রতিদিন অনেক মানুষ ডেঙ্গু পজেটিভ হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন থাকতে হবে।<br>সামনে দ্বাদশ সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এর কিছু পর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনকে কেন্দ্র করে উপজেলা পরিষদের অধিকতর নিরাপত্তা প্রয়োজন। এক্ষেত্রে ১৪টি সিসিটিভি ক্যামেরা রয়েছে। ঘুর্ণিঝড় টর্নেডোতে নষ্ট হয়ে গেছে। পুরাতন সিসিটিভি ক্যামেরা মেরামতপূর্বক নতুন কয়েকটি সিসিটিভি ক্যামেরা ক্রয় করা প্রয়োজন।<br>লেছড়াগঞ্জ, বলড়া ও চালা ইউনিয়নে আশ্রয়ন প্রকল্প মেরামত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। চালা ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের নিয়োগ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানান।<br>বিভাগীয় কর্মকর্তাগণকে দপ্তরের সার্বিক কাজ যথানিয়মে ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন এবং সরকারী নির্ধারিত সময়ে অফিসে আসার জন্যও অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদের সিসিটিভি ক্রয় খাত হতে প্রাক্কলণ প্রস্তুতপূর্বক সিসিটিভি ক্যামেরা সংযোজন ও পুরাতন ক্যামেরা মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা চেয়ারম্যান |

| | | |
|---|---|---|
| **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জঃ**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। সারা দেশে ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। তন্মধ্যে হরিরামপুর ডেঙ্গু পজেটিভ রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার মান বৃদ্ধি করতে হবে। ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল। ৫০টি সিট প্রস্তুত রাখা প্রয়োজন মর্মে জানান।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এর আওতায় খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>লেছড়াগঞ্জ বাজারে অভ্যন্তরিণ রাস্তা নিচুঁ হওয়ায় সামান্য বৃষ্টি হলেই পানি জমে যায়। ফলে কাঁচাবাজারসহ সকল দোকানদারদের সমস্যায় পড়তে হয়। এক্ষেত্রে বাংলা ১৪২৯ সনের হাট বাজার ইজারালব্ধ আয়ের ১০% অর্থে হাট বাজার উন্নয়ন খাত হতে লেছড়াগঞ্জ বাজার বিপ্লবের দোকান হতে লিটনের 'স' মিল পর্যন্ত রাস্তায় ইটের সোলিং প্রয়োজন।<br>বাল্লাসহ বিভিন্ন ইউনিয়নের পটাশ সারের চাহিদা রয়েছে। চাহিদা অনুযায়ী কৃষকদের সার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>সামনে দ্বাদশ সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। বিশৃঙ্খলা প্রতিরোধে বিভিন্ন হাট বাজারের সিসিটিভি ক্যামেরা মেরামতসহ উপজেলা পরিষদের সিসিটিভি ক্যামেরা সংযোজন বিয়োজন করা প্রয়োজন মর্মে জানান।<br><br>সকল দপ্তরের কর্মকর্তাগণকে দপ্তরের সার্বিক কাজ যথানিয়মে ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | বাংলা ১৪২৯ সনের হাট বাজার ইজারালব্ধ আয়ের ১০% অর্থে হাট বাজার উন্নয়ন খাত হতে প্রাক্কলণ প্রস্তুতপূর্বক লেছড়াগঞ্জ বাজার বিপ্লবের দোকান হতে লিটনের 'স' মিল পর্যন্ত রাস্তায় ইটের সোলিং প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাক্কলণ প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা চেয়ারম্যান |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেওয়ান সাইদুর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিরামপুর, মানিকগঞ্জ

স্মারক নং- ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩-৭৬৫/১(৪০)
তারিখঃ ৩০/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৫। উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, হরিরামপুর।
০৭। চেয়ারম্যান................................ ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
০৮। উপজেলা...................................... কর্মকর্তা, হরিরামপুর।
০৯। জনাব..................................................................
১০। অফিস কপি।

(মোঃ শাহরিয়ার রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।